

যে কোনও সম্পত্তি পরিদর্শনকালে আমাদের সহকর্মী এবং পরিবারের লোকেদের মঙ্গলের বিষয়টি সবসময় গুরুত্বপূর্ণ, যদিও COVID-19 অতিমারীর সময়ে আমরা আমাদের সমীক্ষকদের এবং সমস্ত পরিবারের লোকেদের অতিরিক্ত সতর্কতা অবলম্বন করতে বলব।

আপনি কি আশা করতে পারেন এখানে দেওয়া হয়েছে:



পরিদর্শনের আগে

আমাদের সমীক্ষকরা অ্যাপয়েন্টমেন্টটি নিশ্চিত করতে, তারা পৌঁছানোর প্রায় 30 মিনিট আগে আপনার সাথে যোগাযোগ করবেন। সম্পত্তিটি সম্পর্কে আপনাকে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করা হতে পারে এবং অ্যাপয়েন্টমেন্ট হওয়ার পরে পরিস্থিতিতে কোনও পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করতে বলা হবে। উদাহরণস্বরূপ:

- "বাড়িতে কারো কি গত 14 দিনের মধ্যে COVID -19 হয়েছে?"
- "সেই স্থানে কেউ কি COVID-19 উপসর্গগুলি প্রদর্শন করেছে বা এখনও পরিবারের স্ব-বিচ্ছিন্নতার (সেলফ-আইসোলেশন) প্রয়োজনীয় সময়কাল সম্পূর্ণ হয় নি?"
- "আপনার বা আপনার পরিবারের কারোর কী কোনও COVID -19 উপসর্গ রয়েছে?"
- "সেই স্থানে এমন কেউ আছেন যিনি উচ্চ ঝুঁকির শ্রেণীতে / সুরক্ষা কবচে থাকতে পারেন/আছেন?" এই প্রশ্নের যে কোনওটির উত্তর যদি 'হ্যাঁ' হয় তবে আমরা পরিদর্শনটি জারী রাখতে পারবো না এবং অ্যাপয়েন্টমেন্টিকে পুনর্নির্ধারণ করতে হবে।



সমীক্ষক আসার আগে:

- কোনও বিড়াল বা কুকুর থাকলে, সম্পত্তি পরিদর্শন সময়কালের জন্য অনুগ্রহ করে, সেটিকে আপনার কাছেই রেখে দেবেন (সেটি যাতে মুক্তভাবে ঘোরাঘুরি না করে)।
- সম্ভব হলে সমস্ত জানালা খুলে স্থানটিতে বাতাস চলাচল করান
- স্পর্শ করা হবে এমন পৃষ্ঠতলের সংখ্যা হ্রাস করতে:
 - ভিতরের এবং বাইরের দরজার সমস্ত হ্যান্ডলগুলি অবশ্যই মুছে পরিষ্কার করতে হবে
 - সিঁড়ির নীচে থাকা কোনও আলমারি এবং বাতাস চলাচলের আলমারি সহ সমস্ত দরজা এবং চিলেকোঠার দরজাগুলি খুলে রাখতে হবে
 - সব ঘরের আলো জ্বালিয়ে রাখুন।



পরিদর্শনের সময়

সমীক্ষক উপস্থিত হলে আপনাকে 2 মিটারের সামাজিক দূরত্বের নিয়ম বজায় রাখতে বলা হবে।



আমাদের সমীক্ষক পিপিই(PPE) বা ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (একটি ফেস মাস্ক এবং একবার ব্যবহারযোগ্য গ্লাভস) পরে শারীরিক পরীক্ষা সম্পূর্ণ করবেন, সরঞ্জাম পরিষ্কারের জন্য রুমাল ব্যবহার করবেন এবং সারা দিন হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করবেন।



সমীক্ষক যখন পৌঁছাবেন তখন আমরা যাকে 'ডায়নামিক বা চাক্ষুষ ঝুঁকি মূল্যায়ন' বলি সেটি যাচাই করবেন এবং যদি কোনও ঝুঁকি রয়েছে বলে মনে করেন তবে পরিদর্শনটি থামিয়ে দিতে পারেন।



যেখানে সম্ভব, সমীক্ষক স্থানটি পরিদর্শন করবেন তখন আপনাকে বাগানে বা অন্য পাশের স্থানে অপেক্ষা করতে বলা হবে। যদি আপনার কোনও বাগানে বা গাড়াঁবারান্দাতে অপেক্ষা করা সম্ভব না হয়, তবে সমীক্ষক পরিদর্শন শেষ না করা পর্যন্ত আপনাকে আলাদা ঘরে থাকতে বলা হবে।



সমীক্ষক আনুমানিক 30 মিনিট সেই স্থানে থাকতে পারেন তবে স্থানটির বৈশিষ্ট্যের উপর নির্ভর করে আপনার সাথে আরও বেশি সময় থাকতে পারেন।



অনুগ্রহ করে, পরিদর্শন করার আগে সমীক্ষককে সমস্ত পিপিই(PPE) / সরঞ্জাম প্রস্তুত করার এবং পরিদর্শন শেষে সমস্ত কিছু পরিষ্কার এবং স্যানিটাইজ করার জন্য সময় দিন।



পুনশ্চ:, স্পর্শ করা পৃষ্ঠতলের সংখ্যা কমানোর জন্য, আপনার স্থান ছেড়ে যাওয়ার সময় সমীক্ষক কোনও দরজা বন্ধ করবেন না, তবে তারা কখন যাবেন সে সম্পর্কে আপনাকে জানাবেন।



অনুগ্রহ করে, অসক্ত হবেন না তবে দুর্ভাগ্যক্রমে, আমাদের সমীক্ষকরা পরিদর্শনকালে পানীয় গ্রহণ করতে পারবেন না।